

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৬. ইলম উঠে যাওয়া সম্পর্কে

بَابٌ فِي ذَهَابِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الصَّلْتِ، عَنْ مَنْصُورِ بْنِ أَبِي الْأَسْوَدِ، عَنْ حُصَيْنٍ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْأَسْوَدِ، عَنْ حُصَيْنٍ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْأَسْوَدِ، عَنْ خُصَيْنٍ، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ، عَنْ أَبِي الدَّرْدَاءِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: «مَا لِي أَرَى عُلَمَاءَكُمْ يَذْهَبُونَ وَجُهَّالَكُمْ لَا يَتَعَلَّمُونَ؟ تعلَّموا قَبْلَ أَنْ يُرْفَعَ الْعِلْمُ، فَإِنَّ رَفْعَ الْعِلْمِ ذَهَابُ الْعُلَمَاءِ

إسناده ضعيف لانقطاعه سالم لم يدرك أبا الدرداء فيما نعلم

বাংলা

২৫১. আবু দারদা' রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, কী হল! আমি দেখছি তোমাদের আলিমগণ চলে যাচ্ছেন এবং তোমাদের মুর্খরা (ইলম) শিখছে না? ইলম উঠিয়ে নেয়ার আগেই তোমরা তা শিক্ষা কর। কেননা, ইলম উঠে যাওয়া (অর্থ) হল আলিমগণের চলে যাওয়া (মৃত্যুবরণ করা)।[1]

ফটনোট

[1] তাহক্কীক: এর সনদ যয়ীফ। কেননা, এতে বিচ্ছিন্নতা রয়েছে। আমরা যা জানতে পেরেছি, তাতে সালিম আবী দারদার সাক্ষাৎ লাভ করেননি। আল্লাহই ভাল জানেন। (তবে এটি ইবনু আব্দুল বারর, জামি' ১০৩৬ নং তে সহীহ সনদে বর্ণনা করেছেন। তাখরীজ দেখুন)

তাখরীজ: আহমদ, আয যুহদ পৃ. ১৪৪; ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম নং ১০৪৪; আবু নুয়াইম, হিলইয়া ১/২১২, ২২১; অপর সনদে বর্ণনা করেছেন ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম নং ১০৩৬, এর সনদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=69562}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন